রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ডিসেম্বর ২০১৭

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭.৫৫৩—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৩৭টি ইউনিয়ন পরিষদের ভোটগ্রহণ আগামী ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিকশা/ইজিবাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। এছাড়া, ভোটগ্রহণের পূর্ববর্তী ৩ (তিন) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে),



মূল্য : টাকা ৮.০০

নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ কামরুল আহসান**
যুগ্মসচিব।

**২৮ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত সাধারণ নির্বাচনের তালিকা :**

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ১. | নাটোর | বড়াইগ্রাম | জোয়ারী |
| ২. | | | মাঝগাঁও |
| ৩. | দিনাজপুর | বিরল | রাজারামপুর |
| ৪. | গাইবান্ধা | সাঘাটা | ঘুড়িদহ |
| ৫. | চুয়াডাঙ্গা | জীবননগর | উথলী |
| ৬. | | | কেডিকে |
| ৭. | | | মনোহরপুর |
| ৮. | ফরিদপুর | আলফাডাঙ্গা | আলফাডাঙ্গা |
| ৯. | | | বুড়াইচ |
| ১০. | | | গোপালপুর |
| ১১. | শরীয়তপুর | জাজিরা | মূলনা |
| ১২. | ভোলা | চরফ্যাশন | জিন্নাগড় |
| ১৩. | | | আমিনাবাদ |
| ১৪. | | | নীলকমল |
| ১৫. | পটুয়াখালী | দশমিনা | রণগোপালদী |
| ১৬. | হবিগঞ্জ | সদর | নুরপুর |
| ১৭. | | | ব্রাহ্মণডোরা |
| ১৮. | মৌলভীবাজার | জুড়ী | ফুলতলা |
| ১৯. | কুমিল্লা | লাকসাম | বাকই দক্ষিণ |
| ২০. | | | মুদাফফরগঞ্জ উত্তর |
| ২১. | | | মুদাফফরগঞ্জ দক্ষিণ |
| ২২. | | লাঙ্গালকোট | দৌলখাড় |
| ২৩. | | | রায়কোট উত্তর |

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|---|
| ২৪. | কুমিল্লা | লাঙ্গালকোট | রায়কোট দক্ষিণ |
| ২৫. | | | আদ্রা উত্তর |
| ২৬. | | | আদ্রা দক্ষিণ |
| ২৭. | | | জোড্ডা পূর্ব |
| ২৮. | | | জোড্ডা পশ্চিম |
| ২৯. | | | বটতলী |
| ৩০. | | দাউদকান্দি | ইলিয়টগঞ্জ (দক্ষিণ) |
| ৩১. | | | বারপাড়া |
| ৩২. | | | দৌলতপুর |
| ৩৩. | | লালমাই | বাকই উত্তর |
| ৩৪. | নোয়াখালী | সদর | নোয়ান্নই |
| ৩৫. | | | ধর্মপুর |
| ৩৬. | | | নোয়াখালী |
| ৩৭. | লক্ষ্মীপুর | রামগতি | চর আলেকজান্ডার |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd